



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১  
ফ্যাক্স : ০২৫৮৮৮-৪৫১৩৪

তারিখ: ২৫.০৩.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে আজ ২৫ মার্চ সোমবার কর্মকর্তাদের জন্য 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা' দুটি ব্যাচে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি সকাল দশটায় উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন এবং অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. ফজলুল হক। কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বগুড়ার আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত ডিআইজি মো. আব্দুর রাজ্জাক। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. মো. নূর আলম এবং মো. আসফাকুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, শুদ্ধাচার হলো শৃঙ্খলা-নিয়মানুবর্তিতা। প্রত্যেকের মধ্যে শৃঙ্খলাবোধ থাকতে হবে। আমাদের প্রতিনিয়ত শুদ্ধাচার পালন করতে হয়। প্রত্যেক ব্যক্তির যার যার জায়গা থেকে দায়িত্ব ও কর্তব্যবোধ পালন করে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে হবে। নিজের দায়িত্বকে সঠিকভাবে পালন করতে হবে। আমাদের আচরণ, কথাবার্তা, চাল-চলন, সততা প্রতিটি ক্ষেত্রেই শুদ্ধাচারের পরিচয় বহন করে ভালো কিছুর করতে হবে।

উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান বলেন, প্রতিটি কাজে আমাদের স্বচ্ছ থাকতে হবে। নীতিবোধকে সমুন্নত রেখে ব্যক্তি জীবন, পারিবারিক জীবন ও কর্মক্ষেত্রে তা পরিচালনা করতে হবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন বলেন, নিয়ম-কানূনের মধ্য দিয়ে আমাদের কাজগুলো সম্পাদন করতে হবে। আমাদেরকে সময়ের প্রতিও মনোযোগী হতে হবে।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে দুটি ব্যাচে সকল কর্মকর্তার জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রথম ব্যাচ সকাল ১০টায় এবং দ্বিতীয় ব্যাচ দুপুরে অনুষ্ঠিত হয়। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের ভার্সুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।